

বরিশালে লোক সাহিত্য

শিল্প ও প্রাচীন

পাণ্ডুলিপি সংগ্রহ প্রকল্প

বরিশাল, ওরা নভেম্বর (নিজস্ব সংবাদপত্র) — সরকারী রুমমোহন কলেজের বাংলা বিভাগের উদ্যোগে 'লোক সাহিত্য, শিল্প ও প্রাচীন পাণ্ডুলিপি সংগ্রহ' প্রকল্প গৃহীত হইয়াছে।

বরিশালের আঞ্চলিক শব্দ, প্রবাদ প্রবচন, ছড়া, তন্ত্রমন্ত্র, মারফতী, মুশিদী, রয়ানী, ডাট-ওয়ালী, জারী সারী-সয়লা, কাজির ইত্যাদি গান, পালাগান, দুর্লভ পাণ্ডুলিপি, নানা ধরনের লোকশিল্প এবং গুরাতাত্ত্বিক নিদর্শন ইত্যাদি জমা দেওয়ার জন্য সংগ্রাহকদের অনুরোধ জানান হইয়াছে। সংগ্রাহকদের সম্মানী দেওয়া হইবে।

ক্রীড়া ও সংস্কৃতি মন্ত্রণালয় ও যশোর শিক্ষা সংসদের অনুদানের সাহায্যে এই প্রকল্প প্রাথমিকভাবে চালু করা হইয়াছে।

উল্লেখ্য কলেজের বাংলা বিভাগ গত এপ্রিল মাসে ভাষা ও সাহিত্য প্রদর্শনীর আয়োজন করিয়াছিল এবং এই প্রদর্শনীর সুপারিশের ভিত্তিতে প্রকল্প চালু করা হয়।